# আটোয়ারী উপজেলা পরিষদের এপ্রিল ২০২৪ মাসের মাসিক সাধারন সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মো: আরিফুজ্জামান, প্রশাসক, উপজেলা পরিষদ, আটোয়ারী, পঞ্চগড়।
সভার স্থান : উপজেলা পরিষদ হলরুম।
তারিখ ও সময় : ২৮/০৪/২০২৪ খ্রি, সময়: সকাল ১১.০০টা।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা রেজিষ্টারে সংরক্ষিত.

(ক) বিগত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন।

সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে গত মাসের মাসিক সাধারন সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর নিম্নবর্ণিত আলোচ্যসূচী অনুযায়ী আলোচনার জন্য সকলকে আহ্বান জানানো হয়।

অন্যান্য আলোচ্যসূচি সমূহ :
(খ) বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
(গ) উপজেলার রাজস্ব আয়-ব্যয় হিসাব সংক্রান্ত।
(ঘ) বিবিধ।

**খ) উপজেলা পরিষদে হস্তান্তরিত বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।**

| ক্রমিক | দপ্তরের নাম | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১। | উপজেলা নির্বাহী অফিসারের দপ্তর | **উপজেলা নির্বাহী অফিসার, আটোয়ারী জানান**<br>১। উপজেলার সকল দপ্তরের উন্নয়নমূলক কর্মকান্ডের ছবিসহ কর্মকর্তা কর্মচারীর হালনাগাদ তথ্য আপলোড করে ওয়েব সাইট (www.atwari.panchagarh.gov.bd)হালনাগাদ রাখতে হবে। প্রত্যেক দপ্তর প্রধান প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন ও প্রতিবেদন দাখিল করার জন্য সকল দপ্তর প্রধান এবং উপজেলা আইসিটি কর্মকর্তা আটোয়ারী কে ব্যবস্থা গ্রহনের জন্য পরামর্শ প্রদান করা হয়। | সিদ্ধান্ত-১. প্রতিটি দপ্তরের ওয়েবসাইট হালনাগাদ করে প্রতি মাসে প্রতিবেদন দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হলো। | দপ্তর প্রধান (সকল), আটোয়ারী ও উপজেলা আইসিটি কর্মকর্তা আটোয়ারী। |
| | | ২। উপজেলায় সরকারি সেবা গতিশীল করা ও ঘরে বসে জনগণের সরকারি সেবা দেয়ার জন্য প্রত্যেক দপ্তরের কর্মকর্তার জন্য গ্রামীণফোন সিম ক্রয় এবং বিতরণ করা হয়েছে। প্রত্যেক দপ্তরের whatsapp, মোবাইল নম্বর ও e-mail নম্বর খোলা সহ নিয়মিত চেক করার জন্য পরামর্শ প্রদান করা হয়। | সিদ্ধান্ত-২.প্রত্যেক দপ্তরের whatsapp, মোবাইল নম্বর ও e-mail নম্বর নিয়মিত চেক করার সিদ্ধান্ত গৃহীত হলো। | সকল দপ্তর প্রধান আটোয়ারী। |
| | | ৩। অফিসের নোটিশ, চিঠিপত্র নিজ দপ্তরের ওয়েবসাইট whatsapp, ও e-mail নম্বরে প্রেরণ করার পরামর্শ প্রদান করা হয়। | সিদ্ধান্ত-৩. অফিসের নোটিশ, চিঠিপত্র অনলাইনে whatsapp, ও e-mail নম্বরে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। | সকল দপ্তর প্রধান আটোয়ারী। |
| | | ৪। জনগণকে ন্যায়বিচার প্রদান সহ হয়রানি ব্যতিরেকে প্রতিটি ইউনিয়ন পর্যায়ের জমি জমা সংক্রান্ত সকল বিরোধ আপত্তি স্থানীয়ভাবে এবং ইউনিয়ন পরিষদে মীমাংসার জন্য ইউপি চেয়ারম্যানদের পরামর্শ প্রদান করা হয়। ইউনিয়ন পর্যায়ে গ্রাম্য আদালত কার্যক্রম গতিশীল করতে ইউপি চেয়ারম্যানদের পরামর্শ প্রদান করা হয়। | সিদ্ধান্ত-৪.ইউনিয়ন পর্যায়ের জমি জমা সংক্রান্ত সকল বিরোধ আপত্তি স্থানীয়ভাবে এবং ইউনিয়ন পরিষদে মীমাংসার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার আটোয়ারী। ও সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান,আটোয়ারী |
| ০২। | উপজেলা স্বাস্থ্য ও প: প: দপ্তর | **উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা**, আটোয়ারী জানান যে, সামনে বর্ষাকাল ডেঙ্গুর প্রকোপ বৃদ্ধি পাবে। উপজেলা সহ ইউনিয়ন পরিষদ সমুহের আশপাশের ড্রেন ময়লা আবর্জনা জমানো পানি পরিষ্কার রাখার জন্য সভায় অনুরোধ জানান। হাসপাতালে একজন ডেন্টিস ডাক্তার নিয়োগ হয়েছে। ডেন্টাল চেয়ার না থাকায় রোগীদের সেবা প্রদানে কর্যক্রম ব্যহত হচ্ছে। উপজেলা পরিষদের অর্থায়নে বা এডিপি বরাদ্দ থেকে উক্ত চেয়ারটি ক্রয় করা অনুরোধ জানান। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর এক্সরে মেশিনটি দিয়ে | সিদ্ধান্ত-১. ডেঙ্গুর প্রকোপ বৃদ্ধি রোধে উপজেলা সহ ইউনিয়ন পরিষদ সমুহের আশপাশের ড্রেন ময়লা আবর্জনা জমানো পানি পরিষ্কার রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ও সকল ইউপি চেয়ারম্যান আটোয়ারী। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রদান করা হচ্ছে। উপজেলা গরীব অসহায় মানুষরা সব সময় সুবিধা পাচ্ছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | | |
| ০৩। | উপজেলা কৃষি দপ্তর | **উপজেলা কৃষি কর্মকর্তা**, আটোয়ারী সভায় জানান যে, এই উপজেলায় ২০২৪-২৫ অর্থ বছরে আউশ কৃষি প্রণোদনা তালিকা অনুযায়ী শেষ করা হয়েছে। উপজেলায় সারের মজুদ সন্তোষজনক। বাজারের কিছু অসাধু ব্যবসায়ী সারের দাম বেশি নিচ্ছে বলে অভিযোগ পাওয়া যাচ্ছে। প্রমাণ সহ অভিযোগ পেলে আইনের আওতায় আনা হবে। চলতি মৌসুমে প্রাকৃতিক দুর্যোগ সহ কারেন্ট পোকা প্রতিরোধে বালাই, নিমতেল, বিকল্প সহ পরামর্শ প্রদান চলছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সিদ্ধান্ত-১. সব মৌসুমে প্রাকৃতিক দুর্যোগ সহ কারেন্ট পোকা প্রতিরোধে বালাই, নিমতেল, বিকল্প সহ পরামর্শ প্রদানে সচেতন সিদ্ধান্ত গৃহীত হলো।<br>সিদ্ধান্ত-২. অসাধু সার ব্যবসায়ীদের বিরুদ্ধে আইনী ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা আটোয়ারী ও উপসহকারী কৃষি কর্মকর্তা, আটোয়ারী<br>উপজেলা কৃষি কর্মকর্তা আটোয়ারী |
| ০৪। | উপজেলা প্রাণীসম্পদ দপ্তর | **উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা**, আটোয়ারী সভায় জানান যে,<br>১। উপজেলার বিভিন্ন ইউনিয়নে গবাদি পশুদের ক্ষুরা, এলএসডি এবং পিপিআর রোগের টিকাপ্রদান চলমান রয়েছে। প্রতিটি গবাদি পশুদের সুস্থ অবস্থায় ভ্যাকসিন দেয়ার জন্য অনুরোধ জানান।<br><br>২। এছাড়া রোগ প্রতিরোধে মেডিকেল ক্যাম্প, উঠান বৈঠক, টিকা প্রদান,কৃত্রিম প্রজনন, ঘাস চাষ কার্যক্রম চলমান রয়েছে। অফিসের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br>সভাপতি ও প্রশাসক, উপজেলা পরিষদ, আটোয়ারী ইউনিয়ন বা গ্রামের নির্দিষ্ট এলাকায় টিকা প্রদানের বিষয়টি ব্যাপক প্রচারের জন্য মাইকিং ব্যবস্থা গ্রহণে উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, আটোয়ারী ও সকল ইউপি চেয়ারম্যানের পরামর্শ প্রদান করেন। | সিদ্ধান্ত-১. রোগ প্রতিরোধে প্রতিটি গবাদি পশুদের সুস্থ অবস্থায় ভ্যাকসিন দেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।<br>সিদ্ধান্ত-২. রোগ প্রতিরোধে মেডিকেল ক্যাম্প, উঠান বৈঠক, টিকা প্রদান,কৃত্রিম প্রজনন কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।<br>সিদ্ধান্ত-৩.ইউনিয়ন বা গ্রামের নির্দিষ্ট এলাকায় টিকা প্রদানের বিষয়টি ব্যাপক প্রচারের জন্য মাইকিং ব্যবস্থা গ্রহণে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, আটোয়ারী<br>উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, আটোয়ারী<br>উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, ও সকল ইউপি চেয়ারম্যান, আটোয়ারী। |
| ০৫ | উপজেলা মৎস্য দপ্তর | **উপজেলা মৎস্য কর্মকর্তা**, জানান যে, উপজেলার সকল সরকারি পুকুর ও অভয়াশ্রম ভিজিট চলছে। এছাড়া অফিসের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৬। | উপজেলা প্রকৌশলী এলজিইডি দপ্তর | **উপজেলা প্রকৌশলী, আটোয়ারী** জানান যে,<br>১। ২০২৪-২৫ অর্থ বছরের এডিপি ও অন্যান্য খাতের বরাদ্দের কাজ টেন্ডার অনুযায়ী চলমান রয়েছে। আগামী জুনের মধ্যে শেষ করার অনুরোধ জানান।<br><br>২। সিনিয়র সহকারী সচিব (উপজেলা-২ শাখা) মহোদয়ের স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৫.২০.২৪-৪৬৩ তারিখ ২৩/০১/২৪ খ্রি: পত্র মূলে ২০২৪-২০২৫ অর্থ বছরের ৪০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া যায়। ইতিমধ্যে ২০ লক্ষ টাকার দুটি প্রকল্পের কাজ চলমান রয়েছে। বাকী ২০ লক্ষ টাকার দুটি প্রকল্প ১। টাংঙ্গন আবাসিক ভবনের মেরামত কাজ ১০ লক্ষ টাকা ২। অফিসার্স ক্লাব ভবন এবং ড্রেনের মেরামত কাজ ১০ লক্ষ টাকার প্রকল্প বাস্তবায়নের জন্য প্রস্তুত করা হয়েছে। সভায় অনুমোদন হলে পিপিআর-২০০৮ অনুযায়ী আরএফকিউ পদ্ধতিতে বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে।<br><br>৩। ২০২৪-২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন বরাদ্দ হতে ৪ নং প্যাকেজে বামনকুমার খাসপাড়া ওয়াজেদ এর বাড়ি হতে নুরুল হক চেয়ারম্যানের বাড়ি পর্যন্ত সিসি রাস্তা করণ কাজটির প্রাক্কলনে ১৫৫ মিটার অনুমোদন করা হয়। বর্তমানে স্থানীয় জনগনের আবেদনের প্রেক্ষিতে আরও ৪৫ মিটার বর্ধিত করে মোট ২০০ মিটার সভায় অনুমোদন হলে প্রাক্কলণ সংশোধন করে বর্ধিত অংশ বাস্তবায়ন করা যেতে পারে। | সিদ্ধান্ত-১. ২০২৪-২৫ অর্থ বছরের এডিপি ও অন্যান্য খাতের বরাদ্দের কাজ আগামী জুনের মধ্যে শেষ করার সিদ্ধান্ত গৃহীত হলো।<br><br>সিদ্ধান্ত-২. উক্ত প্রকল্প দুটি আর এফ কিউ পদ্ধতিতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো।<br><br>সিদ্ধান্ত-৩. ২০২৪-২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন বরাদ্দ হতে ৪ নং প্যাকেজের ৪৫ মিটার বর্ধিত করে প্রাক্কলণ সংশোধন করে বর্ধিত অংশ বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী এলজিইডি, ও সকল ইউপি চেয়ারম্যান আটোয়ারী।<br><br>উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী এলজিইডি আটোয়ারী।<br><br>উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী এলজিইডি আটোয়ারী। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| [illegible]। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তর | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা**, আটোয়ারী জানান যে,<br>১। ২০২৪-২৫ অর্থ বছরের উপজেলা ওয়ারী ১ম ২য় ৩য় বরাদ্দের সাধারণ টিআর, কাবিটা, কাবিখা পত্র যা নীতিমালা অনুযায়ী বিভাজন পূর্বক তালিকা ও পিআইসি আহবান করে ১ম ও চূড়ান্ত বিল প্রদান চলছে।<br>২। ইউনিয়ন ও ওয়ার্ড দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি হালনাগাদ করনের জন্য সভায় অনুরোধ জানান।<br>৩। অগ্নিকান্ড বিষয়ক জনসচেনতা তৈরিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ের জনপ্রতিনিধিদের সভায় অনুরোধ জানান। | **সিদ্ধান্ত-১.** ২০২৪-২৫ অর্থ বছরে উপজেলা ওয়ারী সমাপ্ত কাজের বিল প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>**সিদ্ধান্ত-২.** ইউনিয়ন ও ওয়ার্ড দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি হালনাগাদ করনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>**সিদ্ধান্ত-৩.** অগ্নিকান্ড বিষয়ক জনসচেনতা তৈরিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সকল ইউপি চেয়ারম্যান আটোয়ারী।<br><br>উপজেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সকল ইউপি চেয়ারম্যান আটোয়ারী। |
| ০৮। | ১নং মির্জাপুর ইউনিয়ন পরিষদ | **চেয়ারম্যান, মির্জাপুর, ইউনিয়ন পরিষদ**, আটোয়ারী,সভায় জানান যে, তাঁর ইউনিতে বার আউলিয়া মাজার শরীফ অবস্থিত। প্রতি বছরে বৈশাখ মাসের শেষ বৃহস্পতিবার অনুষ্ঠিত হয়। প্রায় লক্ষাধিক মানুষের আগমন হয়। অনুষ্ঠানের সকল কর্মক্রম সফল ভাবে বাস্তবায়নের জন্য উপজেলা নির্বাহী অফিসার আটোয়ারী কে অনুরোধ জানান। অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | **সিদ্ধান্ত-১.** বার আউলিয়া মাজারের ওরশ শরীফ সফল ভাবে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও মাজার ব্যবস্থাপনা কমিটি। |
| ০৯। | ২নং তোড়িয়া ইউনিয়ন পরিষদ | **চেয়ারম্যান, তোড়িয়া, ইউনিয়ন পরিষদ**, আটোয়ারী সভায় জানান যে,আটোয়ারী বাজার থেকে তোড়িয়া যাওয়ার অটো ষ্ট্যান্ড উত্তর পার্শে কসাই খানা অবস্থিত। উক্ত স্থানে গরু ছাগল জবাই করে ভালভাবে পরিস্কার না করে ঐ স্থানে ব্যবসা করে ফলে দুর্গন্ধের সৃষ্টি হয়। অনেক মানুষ অভিযোগ করে বিষয়টি সমাধানের জন্য সভায় অনুরোধ জানান। এছাড়া ইউপির রাস্তা সমুহের দুপার্শ্বের দখল হওয়া শুরু করছে। ফলে রাস্তা গুলো ছোট বা গাড়ী ও অন্যান্য যানবাহন যেতে যানজটের সৃষ্টি হচ্ছে তাই এই সমস্যা সমাধানের জন্য সভায় অনুরোধ জানান। ইউপির অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>**প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার** সরকারি নিয়মনীতি মেনে গরু ছাগল জবাই করার নিদের্শনা প্রদানে উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, আটোয়ারী কে পরামর্শ প্রদান হয়। | **সিদ্ধান্ত-১.** সরকারি নিয়মনীতি মেনে গরু ছাগল জবাই করার সিদ্ধান্ত গৃহীত হলো।<br>**সিদ্ধান্ত-২.** সরকারী রাস্তার সমুহ দখলমুক্ত করার প্রযোজনীয় ব্যবস্থা গ্রহনে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা এবং চেয়ারম্যান, তোড়িয়া, ইউনিয়ন পরিষদ |
| ১০। | ৩নং আলোয়াখোয়া ইউনিয়ন পরিষদ | **চেয়ারম্যান, আলোয়াখোয়া, ইউনিয়ন পরিষদ**, আটোয়ারী সভায় জানান যে, তাঁর ইউপিতে এই ০৮ ঘর পুড়ে গেছে। তাঁদের সরকারি অনুদান প্রদান করার অনুরোধ জানান। সামনে বর্ষাকাল গ্রামের কিছু রাস্তা ঘাট সংস্কার না করলে চলাচলের অনুপযোগি হয়ে পরবে। তাই টিআর, কাবিখা থেকে অতিরিক্ত বরাদ্দ প্রদানে সভায় অনুরোধ জানান। ইউপির অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | **সিদ্ধান্ত-১.** ইউপির অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ ০৮ টি পরিবারকে সরকারি সহায়তা প্রদানে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১১। | ৪নং রাধানগর ইউনিয়ন পরিষদ | **চেয়ারম্যান, রাধানগর, ইউনিয়ন পরিষদ**, আটোয়ারী সভায় জানান যে, রাধানগর ইউপির রেলঘুন্টির মার্ডার মামলার ২-৩ জন আসামী প্রকাশে ঘুরে বেড়াচ্ছে। তাদের আটক করার জন্য অনুরোধ জানান। আরও এই সময়ে ছোট ছোট চুরি বেড়ে গেছে। এই ছোট চুরি সমূহ প্রতিরোধ করার জন্য ওসি আটোয়ারী থানাকে অনুরোধ জানান। তাঁর ইউপির সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | **সিদ্ধান্ত-১.** ছোট চুরি সমূহ প্রতিরোধ কার্যকর ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। | ওসি আটোয়ারী থানা এবং চেয়ারম্যান, রাধানগর ইউনিয়ন পরিষদ। |
| ১২। | ৫নং বলরামপুর ইউনিয়ন পরিষদ | **চেয়ারম্যান, বলরামপুর ইউনিয়ন পরিষদ**, সভায় জানান যে, তাঁর ইউপিতে এই ০৪ ঘর পুড়ে গেছে। তাঁদের সরকারি অনুদান প্রদান করার অনুরোধ জানান। এছাড়া ইউপির কিছু এলাকায় চেতনানাশক ঔষুধ ব্যবহার করে চুরি সংঘটিত করা হচ্ছে। প্রতিরোধ করার জন্য ওসি আটোয়ারী থানাকে অনুরোধ জানান। ইউপির সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | **সিদ্ধান্ত-১.**এলাকায় ছোট ছোট চুরি সমূহ প্রতিরোধ করার পুলিশ টহল রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | ওসি আটোয়ারী থানা এবং চেয়ারম্যান, বলরামপুর ইউনিয়ন পরিষদ। |
| ১৩। | ৬নং ধামোর ইউনিয়ন পরিষদ | **চেয়ারম্যান, ধামোর ইউনিয়ন পরিষদ**, সভায় জানান যে, তাঁর ইউপিতে ০৯ টি পরিবার আগুনে পুড়ে গেছে। তার মধ্যে ০৩ পরিবার বেশি ক্ষতিগ্রস্থ | **সিদ্ধান্ত-১.** ইউপির অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ্য ০৯ টি পরিবারকে | চেয়ারম্যান, ধামোর ইউনিয়ন পরিষদ। |

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | হয়েছে। তাঁদের সরকারি অনুদান প্রদান করার অনুরোধ জানান। এছাড়া গ্রামীণ রাস্তা সংরক্ষনে বেশি ব্যবহার যোগ্য রাস্তাদের তালিকা করে সংস্কার করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা আটোয়ারী কে অনুরোধ জানান। ইউপির অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারি সহায়তা প্রদানে সিদ্ধান্ত গৃহীত হলো। | |
| ১৪। | উপজেলা পরিষদ | **১। সিএ টু প্রশাসক, উপজেলা পরিষদ** জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে ও বাহিরে অফিস নিরাপত্তার জন্য সিসি ক্যামেরা স্থাপন করা হয়েছিল। যা গত ৫ আগষ্ট অফিস সহ আশপাশের সিসি ক্যামেরা সমুহ ভাংচুর করে নষ্ট করা হয়। অফিস নিরাপত্তার স্বার্থে উক্ত সিসি ক্যামেরা সমুহ জরুরী ভাবে মেরামত ও ক্রয় করা প্রয়োজন। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩.(প) অনুচ্ছেদ অনুযায়ী মাসিক সাধারন সভার সিদ্ধান্ত মোতাবেক ৩,০০,০০০/- (তিন) লক্ষ টাকা পর্যন্ত ক্রয় করার উল্লেখ রয়েছে। অফিসের নিরাপত্তার জন্য অভ্যন্তরে ও বাহিরে সিসি ক্যামেরা সমুহ জরুরী ভাবে মেরামত ও ক্রয় করে স্থাপন করার অনুরোধ জানান।<br>**প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার, আটোয়ারী** উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩.(প) অনুচ্ছেদ অনুযায়ী মাসিক সাধারন সভার সিদ্ধান্ত মোতাবেক ৩,০০,০০০/- (তিন) লক্ষ টাকার সিসি ক্যামেরা সমুহ মেরামত ও ক্রয় করে স্থাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী , এলজিইডি, আটোয়ারী কে পরামর্শ প্রদান করেন। | **সিদ্ধান্ত-১.** উপজেলা পরিষদের অভ্যন্তরে ও বাহিরে অফিস নিরাপত্তার জন্য সিসি ক্যামেরা স্থাপন পিপিআর-২০০৮ অনুযায়ী আরএফকিউ পদ্ধতিতে বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করা হলো। | প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী , এলজিইডি। |
| | | **২। সিএ টু প্রশাসক, উপজেলা পরিষদ** জানান যে, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে অফিস জনবল ও বিভিন্ন সভায় সদস্য সংখ্যা বৃদ্ধি পাওয়ায় অফিস আসবাবপত্র সংকুলান হয় না ফলে নতুন অফিস আসবাবপত্র ক্রয় করা প্রয়োজন। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩.(ছ) অনুচ্ছেদ অনুযায়ী আসবাবপত্র সংগ্রহ/মেরামত খাতে ৩,০০,০০০/- (তিন) লক্ষ টাকা পর্যন্ত ক্রয় করার উল্লেখ রয়েছে।<br>**প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার, আটোয়ারী** উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩.(প) অনুচ্ছেদ অনুযায়ী মাসিক সাধারন সভার সিদ্ধান্ত মোতাবেক ২,০০,০০০/- (দুই) লক্ষ টাকার নতুন অফিস আসবাবপত্র ক্রয় করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী , এলজিইডি, আটোয়ারী কে পরামর্শ প্রদান করেন। | **সিদ্ধান্ত-২.** উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩.(প) অনুচ্ছেদ অনুযায়ী মাসিক সাধারন সভার সিদ্ধান্ত মোতাবেক ২,০০,০০০/- (দুই) লক্ষ টাকার নতুন অফিস আসবাবপত্র ক্রয় (পিআইসি) কমিটির মাধ্যমে করার সিদ্ধান্ত গ্রহণ করা হলো। | প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী , এলজিইডি। |

খ) উপজেলা পরিষদের বহির্ভূত বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

| ক্রমিক | দপ্তরের নাম | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১। | উপজেলা হিসাব রক্ষণ অফিস | **উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,** জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরের বিভিন্ন দপ্তরের বেতন , আনুসাংগিক, ভ্রমন ভাতা সামনে জুনের মধ্যে দাখিল করার জন্য সকল কর্মকর্তাদের অনুরোধ জানান। এছাড়া চলমান উন্নয়ন প্রকল্পের সকল টেন্ডার ও কাজের সমাপ্তকরন চুড়ান্ত বিল জুনের মধ্যে দাখিল করার জন্য অনুরোধ জানান। | **সিদ্ধান্ত-১.** ২০২৪-২৫ অর্থ বছরের বেতন , আনুসাংগিক, ভ্রমন ভাতা সহ চলমান উন্নয়ন প্রকল্পের সকল টেন্ডার ও কাজের সমাপ্তকরন চুড়ান্ত বিল জুনের মধ্যে দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা ও সকল দপ্তর প্রধান, আটোয়ারী |
| ০২। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | **উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,** আটোয়ারী জানান যে, অভ্যন্তরীন ধান,চাল গম সংগ্রহ চলমান। মিলারদের সাথে চুক্তি সম্পন্ন করা হয়েছে। কৃষক তালিকা বা এ্যাপস এর মাধ্যমে সরাসরি কৃষকগণ ৪৯ টাকা রেটে ধান,চাল গম সংগ্রহে অংশগ্রহন করতে পারে। আগামী ৩০ এপ্রিল শেষ সময়। এছাড়া অফিসের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, আটোয়ারী |
| ০৩। | আটোয়ারী থানা | **অফিসার ইনচার্জ আটোয়ারী থানা,** সভায় জানান যে, উপজেলায় আইন শৃঙ্খলা ভাল। আটোয়ারী উপজেলায় যে কোন অপ্রীতিকর ঘটনা রোধে টহল বাড়ানো হয়েছে। এখন ২টি টহল পাটি রাতে ডিউটি করে। জরুরী আইনি সেবা পাওয়ার জন্য ৯৯৯ বা পুলিশ কে ফোন করার জন্য অনুরোধ জানান। এছাড়া এলাকায় সচেতনতা সৃষ্টির জন্য বিট পুলিশিং | **সিদ্ধান্ত-১.** এলাকায় সচেতনতা সৃষ্টির জন্য বিট পুলিশিং সেবা চালানো সিদ্ধান্ত গৃহীত হলো।<br><br>**সিদ্ধান্ত-২.** আটোয়ারী উপজেলার | অফিসার ইনচার্জ, আটোয়ারী থানা।<br><br>অফিসার ইনচার্জ, |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সেবা চালানো হচ্ছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। **সভাপতি ও প্রশাসক, উপজেলা পরিষদ**, আটোয়ারী আটোয়ারী উপজেলার প্রতিটি ইউনিয়ন পর্যায়ের জমি জমা সংক্রান্ত সকল অভিযোগ আপত্তি স্থানীয়ভাবে এবং ইউনিয়ন পরিষদে মীমাংসার জন্য অভিযোগ সমুহ ইউপি চেয়ারম্যানদের নিকট প্রেরণ করার জন্য পরামর্শ প্রদান করেন। | প্রতিটি ইউনিয়ন পর্যায়ের জমি জমা সংক্রান্ত সকল অভিযোগ আপত্তি স্থানীয়ভাবে এবং ইউনিয়ন পরিষদে মীমাংসার জন্য অভিযোগ সমুহ ইউপি চেয়ারম্যানদের নিকট প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। | আটোয়ারী থানা ও সকল ইউপি চেয়ারম্যান, আটোয়ারী। |

| ক্রমিক | দপ্তরের নাম | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | ১। উপজেলা শিক্ষা দপ্তর<br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর<br>৩। উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর<br>৪। উপজেলা সমবায় দপ্তর<br>৫। উপজেলা মহিলা বিষয়ক দপ্তর<br>৬। উপজেলা বরেন্দ্র বহুমুখী উন্নয়ন বিভাগ<br>৭। উপজেলা আইসিটি দপ্তর<br>৮। উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক<br>৯। উপজেলা রিসোর্স সেন্টার<br>১০। উপজেলা আনসার ও ভিডিপি দপ্তর<br>১১। উপজেলা যুব উন্নয়ন দপ্তর<br>১২। উপজেলা নির্বাচন দপ্তর<br>১৩। উপজেলা পল্লী দারিদ্র বিমোচন দপ্তর<br>১৪। উপজেলা পল্লী বিদ্যুৎ সমিতি আটোয়ারী<br>১৫। তথ্য সেবা কেন্দ্র<br>১৬। উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ | উক্ত দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই যেন পরিচালিত হয় তা মনিটরিং করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | সংশ্লিষ্ট দপ্তর প্রধান |

| ক্রমিক | দপ্তরের নাম | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | ১। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর<br>২। উপজেলা পরিসংখ্যান দপ্তর<br>৩। উপজেলা বন বিভাগ<br>৪। উপজেলা সেটেলমেন্ট দপ্তর<br>৫। ইউজিডিপি বিভাগ<br>৬। উপজেলা পাট উন্নয়ন দপ্তর<br>৭। ইসলামিক ফাউন্ডেশন | উক্ত দপ্তরের কর্মকর্তা সভায় অনুপস্থিত। | তাঁকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট দপ্তর প্রধান |

**(গ) উপজেলার রাজস্ব আয়-ব্যয় সংক্রান্ত :** আলোচনায় উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের বিভিন্ন আয় ও ব্যয়ের হিসাব নিম্নরুপে আলোচনা করা হলো-

আয় ঃ গত ১৯/০৩/২০২৫ তারিখ হতে ২৭/০৪/২০২৫ তারিখ পর্যন্ত বাসাবাড়ী, অফিস ও দোকান ভাড়া, ভূমি হস্তান্তর করের ১%এবং হাট বাজারের ৪১% প্রাপ্ত অর্থ হতে আয় সহ বর্তমানে স্থিতি = ১৮,৬৩,৯৯২.৫৩ টাকা।

ব্যয় ঃ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে গত ১৯/০৩/২০২৫ তারিখ হতে ২৭/০৪/২০২৫ তারিখ পর্যন্ত ব্যয় সমুহের প্রস্তাব উল্লেখ করা হলো।

CamScanner

নুচ্ছেদ নং: ৫৮: সদয় উল্লেখ্য যে, আটোয়ারী উপজেলা পরিষদের উপজেলা রাজস্ব তহবিল হতে উত্তোলিত উপজেলা পরিষদের বিল প্রদানের নিমিত্ত বিলের বিবরণ নিম্নরূপে উল্লেখ করা হলো :

| ক্র: নং | বিলের বিবরণ | বিল |
|---|---|---|
| ১ | প্রশাসক,উপজেলা পরিষদ, আটোয়ারী পঞ্চগড় এর মার্চ/২০২৫ অতিরিক্ত দায়িত্ব পালনের সম্মানী ভাতা। | ১৫০০ |
| ২ | উপজেলা পরিষদের দৈনিক হাজিরায় নিয়োজিত মালীর মার্চ ২০২৫ মাসের হাজিরা বিল। | ১৭০৫০ |
| ৩ | উপজেলা পরিষদের দৈনিক হাজিরায় নিয়োজিত পরিচ্ছন্নতা কর্মী মার্চ ২৫ মাসের হাজিরা বিল। | ১৭০৫০ |
| ৪ | উপজেলা পরিষদের নিরাপত্তা প্রহরী নিয়োজিত ০১ জন কর্মচারীর মার্চ ২০২৫ মাসের হাজিরা বিল। | ৮২৫০ |
| ৫ | উপজেলা পরিষদের দৈনিক হাজিরায় নিয়োজিত মালীর ঈদ-উল-ফিতর উৎসব ভাতা বিল। | ৮৫২৫ |
| ৬ | উপজেলা পরিষদের দৈনিক হাজিরায় নিয়োজিত পরিচ্ছন্নতা কর্মীর ঈদ-উল-ফিতর উৎসব ভাতা বিল। | ৮৫২৫ |
| ৭ | উপজেলা পরিষদের দৈনিক হাজিরায় নিয়োজিত নিরাপত্তা প্রহরীর ঈদ-উল-ফিতর উৎসব ভাতা বিল। | ৪১২৫ |
| ৮ | উপজেলা পরিষদের মার্চ ২০২৫ মাসের আপ্যায়ন বিল | ৩০০০০ |
| ৯ | উপজেলা পরিষদের মার্চ ২০২৫ মাসের আনুষংগিক বিল | ৫০০০ |
| ১০ | উপজেলা পরিষদ, আটোয়ারীর মার্চ ২০২৫ মাসের সামাজিক সম্প্রীতি বিল | ২০০০ |
| ১১ | উপজেলা পরিষদ আটোয়ারী পঞ্চগড় এর পুকুরপাড়, শিশু পার্ক , ও গ্রন্থাকুটির এবং মসজিদ সহ চার পাশের পরিষ্কার পরিচ্ছন্নতা করণ বাবদ দৈনিক মুজুরির হাজিরা বিল | ১২০০০ |
| ১২ | ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ২০২৫ উদ্‌যাপন অগ্রিম ব্যয় বিল | ৫০০০০ |
| | সর্বমোট ব্যয় বিল | ১৬৪০২৫ |

সিদ্ধান্ত : ১ : ব্যয়সমুহ সঠিক থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

**আলোচ্যসূচী : (ঘ) বিবিধ।**

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি ও প্রশাসক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/০৪/২০২৫

মো: আরিফুজ্জামান
প্রশাসক
উপজেলা পরিষদ
আটোয়ারী, পঞ্চগড়।
ফোন : ০৫৬৫২-৫৬০৮৯
E-mail: atwari.uzp@gmail.gov.bd

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আটোয়ারী, পঞ্চগড়।
www.atwari.panchagarh.gov.bd

স্মারক নং - ০৫.৪৭.৭৭০৪.০০০.০৪.০০৩.২০২৫-(৩৫৫/১) তারিখ: ২১ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
০৪ মে ২০২৫ খ্রি:

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে :

০১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। জেলা প্রশাসক, পঞ্চগড়।
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, পঞ্চগড়।
০৫। চেয়ারম্যান, মির্জাপুর/তোড়িয়া/আলোয়াখোয়া/রাধানগর/বলরামপুর/ধামোর ইউ পি, আটোয়ারী, পঞ্চগড়।
০৬। উপজেলা .............................. ........................কর্মকর্তা আটোয়ারী, পঞ্চগড়।
০৭। ...............................................................................,আটোয়ারী, পঞ্চগড়।
০৮। অফিস কপি।

০৪/০৫/২০২৫

মো: আরিফুজ্জামান
উপজেলা নির্বাহী অফিসার
আটোয়ারী,পঞ্চগড়।
মোবাইল নং- ০১৭০৮৩৯৭৭০৭
E-mail: unoatwari@mopa.gov.bd